

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৭০.১৯-৪৫

তারিখঃ ০৫ মাঘ ১৪২৬ ব.
১৯ জানুয়ারি ২০২০ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-১০৭৮৮/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।
সূত্রঃ মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং- ১০৭৮৮/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।


উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং- ১০৭৮৮/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপ:

রিট পিটিশন নং	পিটিশনার	রেসপনডেন্ট	মামলা দায়েরের কারণ/বিষয়
১০৭৮৮/২০১৯	জনাব মো: আব্দুল গফ্ফার, সুপার. হাফিজাবাদ গোহিমন নেসা দাখিল মাদ্রাসা, উপজেলা-সদর, জেলা-পঞ্চগড় সহ মোট ১৩ (তের) জন।	সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ডিজি, ডিএমই ও আরো অন্যান্যসহ মোট ০৬ (ছয়) জন।	পঞ্চগড় জেলার সদর উপজেলাধীন হাফিজাবাদ গোহিমন নেসা দাখিল মাদ্রাসা'র সুপার, জনাব মো: আব্দুল গফ্ফার কর্তৃক তার নভেম্বর/২০০৭ হতে জুন/২০০৮ পর্যন্ত বকেয়া ৫২৪৯২৭.৩৩ টাকা পরিশোধের জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে পিটিশনার জনাব মো: আব্দুল গফ্ফার কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৭০৭৮৮/২০১৯ মামলা দায়ের করা হয়।

০২। উল্লেখ্য গত ২৭/১০/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী শেষে পিটিশনার এর নভেম্বর/২০০৭ হতে জুন/২০০৮ পর্যন্ত বকেয়া ৫২৪৯২৭.৩৩ টাকা পরিশোধের জন্য কেন নির্দেশনা প্রদান করা হবে না; সে মর্মে ২৪/১১/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়।

০৩। উল্লেখ্য যে, মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের এমপিও তথা বকেয়া বেতন-ভাতা প্রদান সংক্রান্ত কার্যক্রম ডিজি, ডিএমই সংশ্লিষ্ট তাছাড়া আলোচ্য মামলায় ডিজি, ডিএমই-কেও রেসপনডেন্ট করা হয়েছে বিধায় উক্ত রিট পিটিশন মামলার বিষয়ে ডিজি, ডিএমই কর্তৃক সরকার পক্ষে জবাব দাখিলসহ মামলায় প্রতিদ্বন্দ্বিতা করার ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যিক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১০৭৮৮/২০১৯ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক ২৭/১০/২০১৯ তারিখে প্রদত্ত আদেশ অনুযায়ী সরকার পক্ষে জবাব দাখিল করা হয়েছে কিনা? হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে জরুরিভিত্তিতে সরকার পক্ষে মহামান্য হাইকোর্টে জবাব দাখিলক্রমে গৃহীত ব্যবস্থার তথ্যাদি আগামী ০৫/০২/২০২০ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।


(মো: আ: খালেক মিয়া)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার
লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) / উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি/মাস্টার কপি।